**অনাত্মশ্রীবিগর্হণম্**

শ্রীমৎ শঙ্করাচার্য্য বিরচিত ভাষ্য:---
অনাত্মশ্রীবিগর্হণম্

লব্ধা বিদ্যা রাজমান্যা ততঃ কিং
প্রাপ্তা সম্পৎ প্রাভবাঢ্যা ততঃ কিম্ ।
ভুক্তা নারী সুন্দরাঙ্গী ততঃ কিম্
যেন স্বাত্মা নৈব সাক্ষাৎকৃতোঽভূৎ ||১||
অনুবাদ - যে ব্যক্তি স্বকীয় আত্মার সাক্ষাৎকার লাভ করতে পারে নাই, তার রাজমান্য বিদ্যালাভ করেই কি ফল? প্রভুশক্তিযুক্ত সম্পৎ লাভে কি ফল? এবং সুন্দরী রমণী উপভোগ করেই বা কি ফল? ||১||

কেয়ূরাদ্যৈর্ভূষিতো বা ততঃ কিং
কৌশেয়াদ্যৈরাবৃতো বা ততঃ কিম্ ।
তৃপ্তো মৃষ্টান্নাদিনা বা ততঃ কিং
যেন স্বাত্মা নৈব সাক্ষাৎকৃতোঽভূৎ ||২||
অনুবাদ - যে ব্যক্তি আত্মসাক্ষাৎকার লাভ করতে পারে নাই, তার কেয়ূর, কঙ্কণ, হার, বলয় প্রভৃতি অলঙ্কারের দ্বারা ভূষিত হয়েই বা কি ফল? কৌশেয় প্রভৃতি বহুবিধ বস্ত্রের দ্বারা আবৃত হয়েই কি ফল এবং বিশুদ্ধ অন্নাদির দ্বারা পরিতৃপ্ত হয়েই বা কি ফল? ||২||

দৃষ্টা নানা চারুদেশাস্ততঃ কিং
পুষ্টাশ্চেষ্টা বন্ধুবর্গাস্ততঃ কিম্ ।
নষ্টং দারিদ্র্যাদিদুঃখং ততঃ কিং
যেন স্বাত্মা নৈব সাক্ষাৎকৃতোঽভূৎ ||৩||
অনুবাদ - যে ব্যক্তি নিজ আত্মস্বরূপ উপলব্ধি করে নাই, তার বিবিধ মনোহর দেশে পরিভ্রমণ করেই বা কি ফল? অভীষ্ট বন্ধুবর্গের পোষণ করেই বা কি ফল? এবং দারিদ্র্যাদি দুঃখ দূরীভূত করেই বা কি ফল? ||৩||

স্নাতস্তীর্থে জহ্নুজাদৌ ততঃ কিং
দানং দত্তং দ্ব্যষ্টসংখ্যং ততঃ কিম্ ।
জপ্তা মন্ত্রাঃ কোটিশো বা ততঃ কিং

যেন স্বাত্মা নৈব সাক্ষাৎকৃতোঽভূৎ ||৪||
অনুবাদ - যে পুরুষ স্বীয় আত্মস্বরূপের সাক্ষাৎকার করে নাই, তার গঙ্গাদি তীর্থে স্নান করে কি ফল? ষোড়শ দান করেই বা কি ফল এবং কোটিসংখ্যক মন্ত্র জপ করেই বা কি ফল? ||৪||

গোত্রং সম্যগ্ ভূষিতং বা ততঃ কিং
গাত্রং ভস্মাচ্ছাদিতং বা ততঃ কিম্ ।
রুদ্রাক্ষাদিঃ সদ্ধৃতো বা ততঃ কিম্
যেন স্বাত্মা নৈব সাক্ষাৎকৃতোঽভূৎ ||৫||
অনুবাদ - যে ব্যক্তি নিজ আত্মস্বরূপের অনুভব করে নাই, তার বংশ অথবা গোত্র ভূষিত হলেই বা কি ফল? গাত্র ভস্মদ্বারা আচ্ছাদিত করেই কি ফল এবং উত্তমরূপে রূদ্রাক্ষাদিধারণে বা কি ফল? ||৫||

অন্নৈর্বিপ্রাস্তর্পিতা বা ততঃ কিং
যজ্ঞৈর্দেবাস্তোষিতা বা ততঃ কিম্ ।
কীর্ত্যা ব্যাপ্তাঃ সর্বলোকাস্ততঃ কিং
যেন স্বাত্মা নৈব সাক্ষাৎকৃতোঽভূৎ ||৬||
অনুবাদ - যে পুরুষ আত্মসাক্ষাৎকার লাভ করে নাই, তার অন্নের দ্বারা তৃপ্তি লাভ করে কি ফল? নানাবিধ যজ্ঞের দ্বারা দেবগণের সন্তোষ বিধান করে কি ফল? এবং সমস্ত লোক অর্থাৎ চতুর্দ্দশ ভুবন কীর্তির দ্বারা ব্যাপ্ত হলেই বা কি ফল? ||৬||

কায়ঃ ক্লিষ্টশ্চোপবাসৈস্ততঃ কিং
লব্ধাঃ পুত্রাঃ স্বীয়পত্ন্যাস্ততঃ কিম্ ।
প্রাণায়ামঃ সাধিতো বা ততঃ কিং
যেন স্বাত্মা নৈব সাক্ষাৎকৃতোঽভূৎ ||৭||
অনুবাদ - যে ব্যক্তি আত্মসাক্ষাৎকার লাভ করে নাই, তার বিবিধ উপবাসের দ্বারা শরীরের ক্লেশ প্রদান করায় কি ফল? নিজ পত্নী হতে বহুপুত্র লাভ করে কি ফল? এবং প্রাণায়াম অনুষ্ঠান করেই বা কি ফল? ||৭||

যুদ্ধে শত্রুর্নির্জিতো বা ততঃ কিং
ভূয়ো মিত্রৈঃ পূরিতো বা ততঃ কিম্ ।
যোগৈঃ প্রাপ্তাঃ সিদ্ধয়ো বা ততঃ কিং
যেন স্বাত্মা নৈব সাক্ষাৎকৃতোঽভূৎ ||৮||
অনুবাদ - যে ব্যক্তি আত্মসাক্ষাৎকার লাভ করে নাই, তার যুদ্ধে শত্রুকে পরাজিত করেই কি লাভ? বিবিধ মিত্রবর্গের দ্বারা পূর্ণ হয়ে কি ফল এবং যোগের দ্বারা

অষ্টসিদ্ধি লাভ করেই বা কি ফল?||৮||

অব্ধিঃ পদ্ভ্যাং লঙ্ঘিতো বা ততঃ কিং
বায়ুঃ কুম্ভে স্থাপিতো বা ততঃ কিম্ ।
মেরুঃ পাণাবুদ্ধৃতো বা ততঃ কিং
যেন স্বাত্মা নৈব সাক্ষাৎকৃতোঽভূৎ ||৯||

অনুবাদ - যে ব্যক্তি আত্মস্বরূপের সাক্ষাৎকার লাভ করে নাই, তাহার দুই চরণের দ্বারা সমুদ্র লঙ্ঘন করে কি ফল? কুম্ভে বায়ু স্থাপন করে অর্থাৎ কুম্ভক করেই কি ফল এবং সুমেরু পর্বত উত্তোলন হস্ত দ্বারা করেই বা কি ফল? ||৯||

ক্ষ্বেলঃ পীতো দুগ্ধবদ্বা ততঃ কিং
বহ্নির্জগ্ধো লাজবদ্বা ততঃ কিম্ ।
প্রাপ্তশ্চারঃ পক্ষিবৎ খে ততঃ কিং
যেন স্বাত্মা নৈব সাক্ষাৎকৃতোঽভূৎ ||১০||

অনুবাদ - যে ব্যক্তি আত্মস্বরূপ উপলব্ধি করে নাই, তার দুগ্ধের ন্যায় ( অনায়াসে ) বিষপান করে তা জীর্ণ করে বা কি ফল? লাজের( খৈ ) ন্যায় অগ্নিভক্ষণ করে বা কি ফল? এবং আকাশে পক্ষীর ন্যায় ভ্রমণ করেই বা কি ফল? ||১০||

বদ্ধাঃ সম্যক্ পাবকাদ্যাস্ততঃ কিং
সাক্ষাদ্ বিদ্ধা লোহবর্য্যাস্ততঃ কিম্ ।
লব্ধো নিক্ষেপোঽঞ্জনাদ্যৈস্ততঃ কিং
যেন স্বাত্মা নৈব সাক্ষাৎকৃতোঽভূৎ ||১১||

অনুবাদ - যে ব্যক্তি আত্মসাক্ষাৎকার লাভ করে নাই, সে যদি অগ্নিপ্রভৃতিকে আবদ্ধ করে থাকে, তাতে বা তার কি লাভ হলো? সুদৃঢ় লোহাসকল যদি বিদ্ধ করে থাকে, তাতে তার কি প্রয়োজন সাধিত হলো? অঞ্জনাদি দ্বারা ন্যস্তধন লাভ করলেই বা কি ফল? ||১১||

ভূপেন্দ্রত্বং প্রাপ্তমুর্ব্যাং ততঃ কিং
দেবেন্দ্রত্বং সম্ভৃতং বা ততঃ কিম্ ।
মুণ্ডীন্দ্রত্বং চোপলব্ধং ততঃ কিং
যেন স্বাত্মা নৈব সাক্ষাৎকৃতোঽভূৎ ||১২||

অনুবাদ - যে ব্যক্তি আত্মার স্বরূপ সাক্ষাৎকার করে নাই, তার পৃথিবীতে রাজশ্রেষ্ঠত্ব প্রাপ্ত হয়েই বা কি ফল? দেবেন্দ্রত্ব প্রাপ্ত হয়ে কি ফল এবং মুণ্ডিগণের অর্থাৎ যতিগণের মধ্যে শ্রেষ্ঠত্বলাভে বা কি ফল? ||১২||

মন্ত্রৈঃ সর্বঃ স্তম্ভিতো বা ততঃ কিং
বাণৈর্লক্ষ্যো ভেদিতো বা ততঃ কিম্ ।
কালজ্ঞানং চাপি লব্ধং ততঃ কিং
যেন স্বাত্মা নৈব সাক্ষাৎকৃতোঽভূৎ ||১৩||
অনুবাদ - যে ব্যক্তি আত্মস্বরূপ উপলব্ধি করে নাই, তার মন্ত্রের দ্বারা সমস্ত বস্তু স্তম্ভিত করে বা কি ফল? বাণের দ্বারা লক্ষ্য ভেদ করে বা কি ফল এবং কালজ্ঞান লাভ করেই বা কি ফল? ||১৩||

কামাতঙ্কঃ খণ্ডিতো বা ততঃ কিং
কোপাবেশঃ কুণ্ঠিতো বা ততঃ কিম্ ।
লোভাশ্লেষো বর্জিতো বা ততঃ কিং
যেন স্বাত্মা নৈব সাক্ষাৎকৃতোঽভূৎ ||১৪||
অনুবাদ - যে ব্যক্তি আত্মসাক্ষাৎকার লাভ করে নাই, তার কামভীতি খণ্ডন করে বা কি ফল? ক্রোধবেগ দমন করে বা কি ফল? এবং লোভসম্বন্ধ ত্যাগ করে বা কি ফল? ||১৪||

মোহধ্বান্তঃ পেষিতো বা ততঃ কিং
জাতো ভূমৌ নির্মদো বা ততঃ কিম্ ।
মাৎসর্য্যার্তির্মীলিতা বা ততঃ কিং
যেন স্বাত্মা নৈব সাক্ষাৎকৃতোঽভূৎ ||১৫||
অনুবাদ - যে ব্যক্তি আত্মসাক্ষাৎকার লাভ করে নাই, তার মোহান্ধকার দূরীভূত করে কি ফল? পৃথিবীতে গর্ববিহীন হয়ে বা কি ফল? এবং মাৎসর্য্যরূপ পীড়া প্রশমিত করে বা কি ফল? ||১৫||

ধাতুর্লোকঃ সাধিতো বা ততঃ কিং
বিষ্ণোর্লোকো বীক্ষিতো বা ততঃ কিম্ ।
শম্ভোর্লোকঃ শাসিতো বা ততঃ কিং
যেন স্বাত্মা নৈব সাক্ষাৎকৃতোঽভূৎ ||১৬||
অনুবাদ - যিনি আত্মসাক্ষাৎকার লাভ করেন নাই, তার ব্রহ্মলোক পেয়ে বা কি লাভ? বিষ্ণুলোক দর্শন করে বা কি ফল? এবং শিবলোকের আধিপত্য পেয়েও বা কি ফল? ||১৬||

যস্যেদং হৃদয়ে সম্যগনাত্মশ্রীবিগর্হণম্ ।
সদোদেতি স এবাত্মসাক্ষাৎকারস্য ভাজনম্ ||১৭||
অনুবাদ - যার হৃদয়ে সম্যক্রূপে এই অনাত্মবস্তুসৌন্দর্য্যের নিন্দা সর্বদা উদিত হয়, তিনিই আত্মসাক্ষাৎকার লাভ করার উপযুক্ত পাত্র ||১৭||

Published on: Jun, 26 2025 17:45

অন্যে তু মায়িকজগদ্ভ্রান্তিব্যামোহমোহিতাঃ ।
ন তেষাং জায়তে ক্বাপি স্বাত্মসাক্ষাৎকৃতির্ভুবি ||১৮||

অনুবাদ - আর যারা মায়াকল্পিত জগৎভ্রান্তিরূপ অজ্ঞানের দ্বারা মোহিত হয়েছে, তাদের সংসারে কখনও আত্মসাক্ষাৎকার হবে না ||১৮||||

ইতি শ্রীমৎপরমহংস পরিব্রাজকাচার্য্যস্য শ্রীগোবিন্দ ভগবৎ পূজ্যপাদ শিষ্যস্য শ্রীমচ্ছঙ্কর ভগবতঃ কৃতৌ অনাত্মশ্রীবিগর্হণ প্রকরণং সম্পূর্ণম্ ||

ইতি শ্রীমৎপরমহংস পরিব্রাজকাচার্য শ্রীগোবিন্দ ভগবৎ পূজ্যপাদ শিষ্য শ্রীমদ্ শঙ্কর ভগবৎ বিরচিত অনাত্মশ্রীবিগর্হণ প্রকরণ সমাপ্ত

Published on: Jun, 26 2025 17:45